তারিখ 07 AUG 2015
পৃষ্ঠা ১৫ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# তদন্ত কমিটির প্রতিবেদন দাখিল

## মোরেলগঞ্জে শিক্ষা অফিসার লাঞ্ছিত

■ মোরেলগঞ্জ (বাগেরহাট) সংবাদদাতা

মোরেলগঞ্জ উপজেলার সিএস পাঠামারা সরকারি (সদ্য) প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ওমর ফারুক উপজেলা সহকারী শিক্ষা অফিসারকে লাঞ্ছিতের ঘটনা তদন্তে অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে। তদন্ত কমিটি বৃহস্পতিবার উপজেলা শিক্ষা কর্মকর্তার কাছে তদন্ত প্রতিবেদন দাখিল করেছে।

উপজেলা শিক্ষা অফিসার মো. মাসুম বিল্লাহর আগে উপজেলা সহকারী শিক্ষা অফিসার মো. বশিরুল আলমকে আহ্বায়ক ও সহকারী শিক্ষা অফিসার মো. নজরুল ইসলাম ও মো. মোত্তাকিম বিল্লাহকে সদস্য করে ৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেন। তদন্ত কমিটি বুধবার সরেজমিনে বিষয়টির তদন্তে গিয়ে বিদ্যালয়ের সভাপতি, অভিভাবক, শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী ও স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে ঘটনার সত্যতা পান।

উল্লেখ্য, গত মঙ্গলবার সকাল সোয়া ৯টার দিকে ২য় সাময়িক পরীক্ষার দ্বিতীয় দিন উপজেলা সহকারী শিক্ষা অফিসার (নেহালখালী ক্লাস্টার) মামুনুর রহমান হাওলাদার ওই বিদ্যালয়ে পরীক্ষা পরিদর্শনে গেলে তাকে সহযোগিতার পরিবর্তে প্রধান শিক্ষক লাঞ্ছিত ও অসৌজন্যমূলক আচরণ করেন।